## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

### বিজ্ঞপ্তি

### এইচ এস সি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের বিরুদ্ধে সতর্কবাণী/স্লোগান

পরীক্ষায় অসদুপায় অবলম্বন শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করে। জাতিকে বিপর্যস্ত করে।
পরীক্ষায় অসদুপায় অবলম্বন করা বা অসদুপায় অবলম্বনে সহায়তা প্রদান করা থেকে বিরত থাকুন।
অসদুপায় অবলম্বন প্রতিরোধ করুন।
অসদুপায় অবলম্বন করে ডিগ্রী নিয়ে নিজেকে প্রতারিত করবেন না, হতাশ হবেন না।
অসদুপায় অবলম্বন করে পাওয়া ডিগ্রী কর্মজীবনে কোন কাজে আসে না।
অসদুপায় অবলম্বন করে ডিগ্রী নিলে কর্মক্ষেত্রে কুৎসা মিলে।

### পরীক্ষার্থীদের প্রতি

অসদুপায় অবলম্বন করে বহিস্কৃত হলে শিক্ষা জীবনের মূল্যবান সময় নষ্ট হয়, এর ফলে লেখাপড়া চিরতরে বন্ধ হয়ে যেতে পারে। শিক্ষা জীবন ধ্বংস হওয়ার ফলে কর্মজীবন হতাশা ও ব্যর্থতায় পর্যবসিত হতে পারে।

পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারী সমাজে ঘৃন্য ব্যক্তি হিসেবে চিহ্নিত হয়।

অসদুপায় অবলম্বন করে পরীক্ষা পাসের দুর্বলতা সারা জীবন বয়ে বেড়াতে হয় এবং এজন্য কর্মজীবনে পদে পদে লজ্জিত ও বিব্রত হতে হয়।

ভুয়া পরিচয় দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে কারাদন্ড অথবা অর্থ দন্ড কিংবা উভয়বিধ দন্ড হতে পারে। এর ফলে পরবর্তীকালে চাকুরী বা কর্মজীবনের প্রতিটি স্তরে কঠিন বাধার সম্মুখীন হতে হবে এবং এ গ্লানি সারা জীবন বয়ে বেড়াতে হবে।

### শিক্ষকদের প্রতি

পরিদর্শক হিসেবে অসদুপায় অবলম্বনে সহায়তা প্রদান করলে-
ক) বহিস্কৃত হতে পারেন।
খ) বেতন-ভাতাদি বন্ধ হতে পারে।
গ) চাকুরীচ্যুত হতে পারেন।

এর ফলে নিজের ও পরিবারের সামাজিক মর্যাদা ক্ষুন্ন হওয়াসহ আর্থিক অনটন সৃষ্টি হতে পারে। ফলে কর্মজীবন ব্যর্থতায় পর্যবসিত হবে।

শিক্ষক হিসেবে অসদুপায় অবলম্বনে সহায়তা করে অভিযুক্ত হওয়া সমগ্র শিক্ষক সমাজের জন্য কলংকস্বরূপ। নিজের ভুলের দায় যাতে শিক্ষক সমাজের উপর না বর্তায় সে বিষয়ে সচেতন থাকুন।

### অসদুপায় অবলম্বনে সহায়তা প্রদানকারীদের প্রতি

পরীক্ষার হলে অসদুপায় অবলম্বনে সহায়তা প্রদান করলে কারাদন্ড অথবা অর্থ দন্ড কিংবা উভয়বিধ দন্ড হতে পারে।
পরীক্ষার প্রশ্নপত্র-সংবলিত কোন কাগজপত্র অথবা পরীক্ষার জন্য প্রণীত হয়েছে বলে মিথ্যা ধারণাদায়ক কোন কাগজ যে কোন উপায়ে ফাঁস, প্রকাশ বা বিতরণ করা হলে কারাদন্ড অথবা অর্থ দন্ড কিংবা উভয়বিধ দন্ড হতে পারে।

প্রফেসর মুহম্মদ শামসুল হক
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

GD-1933

---

## বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)

(Bangladesh Institute of Sports)
জিরানী, সাভার, ঢাকা-১৩৪৯

স্মারক নং-বিকেএসপি/প্রশিক্ষণ-১/১৩৬/৪১১ তারিখঃ ২৩ চৈত্র ১৪১৫ / ০৬ এপ্রিল ২০০৯

# ডিপ্লোমা-ইন-স্পোর্টস কোচিং কোর্স

ফুটবল ও এ্যাথলেটিক্স ক্রীড়া বিষয়ে ৮ মাস মেয়াদী "ডিপ্লোমা ইন স্পোর্টস কোচিং কোর্সে" ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**ভর্তির যোগ্যতাঃ**

ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে স্নাতক ডিগ্রি।
খ) জাতীয়/ঢাকা প্রিমিয়ার ও ১ম বিভাগ লীগ পর্যায়ের সংশ্লিষ্ট ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড়/এ্যাথলেট হতে হবে।
গ) প্রার্থীর বয়স ২২ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।
ঘ) আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায়/খেলায় বাংলাদেশের পক্ষে অংশগ্রহণকারী খেলোয়াড়দের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা শিথিল করা যেতে পারে।
ঙ) উল্লিখিত ডিপ্লোমা কোর্সের প্রতিটি বিষয়ে বাংলাদেশ সেনাবাহিনীর জন্য ২টি, বাংলাদেশ নৌবাহিনীর জন্য ১টি ও বাংলাদেশ বিমান বাহিনীর জন্য ১টি করে সীট সংরক্ষিত থাকবে।

**দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) সংশ্লিষ্ট বোর্ড ও বিশ্ববিদ্যালয়/কলেজ কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পরীক্ষা পাসের নম্বরপত্র ও সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
খ) জাতীয়/ঢাকা প্রিমিয়ার ও ১ম বিভাগ লীগ পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
গ) ৪ (চার) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।
ঘ) জাতীয়তা ও চারিত্রিক সনদপত্র।

**প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় সুবিধাদিঃ**

কোর্সটি সম্পূর্ণ আবাসিক এবং বিনা খরচে থাকা খাওয়ার ব্যবস্থা করা হবে।

ভর্তিচ্ছু প্রার্থীদের ৩০ এপ্রিল ২০০৯ তারিখের মধ্যে সাদা কাগজে লিখিত আবেদনপত্র "মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা-১৩৪৯" এই ঠিকানায় পৌছাতে হবে। খামের উপরে অবশ্যই ভর্তিচ্ছু বিষয়ের নাম এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

বিস্তারিত তথ্যের জন্য ফুটবল ক্রীড়া বিষয়ে আবেদনকারীগণ ০১৭১১৮৮০৭৮৬ এবং এ্যাথলেটিক্স বিষয়ে আবেদনকারীগণ ০১৭২১৫৮৩২১৫ নম্বরে অথবা ফোন-৭৭০১২১৫-৬ এবং ফ্যাক্স-৭৭০১৫১৩ নম্বরে যোগাযোগ করতে পারবেন।

মোঃ শওকাত হোসেন, পিএসসি
ব্রিগেডিয়ার জেনারেল
মহাপরিচালক
বিকেএসপি

জিডি-১৮৯৮

---

## বাংলাদেশ শিপিং কর্পোরেশন

**Bangladesh Shipping Corporation**
প্রধান কার্যালয়, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম

# মূল্য সংবেদনশীল তথ্য

এতদ্বারা বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর সম্মানিত শেয়ারহোল্ডারগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৩-০৪-২০০৯ইং তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত বিএসসি পরিচালনা পর্ষদের ২৫০তম বিশেষ সভায় ৩০শে জুন, ২০০৮ইং তারিখে সমাপ্ত ২০০৭-২০০৮ অর্থ বছরের জন্য প্রতি ১০০/- (একশত) টাকা মূল্যের শেয়ারের উপর ১০% হারে লভ্যাংশ (ডিভিডেন্ড) ঘোষণার নিমিত্তে সুপারিশ করা হয়। আগামী ৩০-০৫-২০০৯ইং তারিখ রোজ শনিবার বেলা ১১-০০ ঘটিকায় বিএসসি শেয়ারহোল্ডারদের বার্ষিক সাধারণ সভা (এজিএম) বিএসসি প্রধান কার্যালয়, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রামে অনুষ্ঠিত হবে। এ প্রেক্ষিতে এজিএম এর বুক ক্লোজার হিসেবে কর্পোরেশনের শেয়ার হস্তান্তর বই আগামী ২৪-০৫-২০০৯ইং হতে ৩০-০৫-২০০৯ইং তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিন (উভয় দিন অন্তর্ভুক্ত) বন্ধ থাকবে।

পরিচালনা পর্ষদের আদেশক্রমে

তারিখঃ ১৩-০৪-২০০৯ইং
মোস্তাফা কামাল উদ্দীন
সচিব

GD-1950

---

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)
মহাখালী, ঢাকা-১২১২

নং- আইইডিসিআর/ভান্ডার/বইপত্র সাময়িকী ক্রয়/২০০৮-২০০৯/ তারিখঃ ০৭-০৪-২০০৯ইং।

# টেন্ডার বিজ্ঞপ্তি

রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর), মহাখালী, ঢাকা-১২১২ অফিসের ২০০৮-২০০৯ইং অর্থ বৎসরের বইপত্র সাময়িকী সরবরাহের নিমিত্তে ব্যবসায়ী/ঠিকাদার/সরবরাহকারীদের নিকট হইতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। দরপত্রের সহিত দরপত্রদাতাকে চলতি আর্থিক বৎসরের (১) ট্রেড লাইসেন্স (২) আয়কর পরিশোধের প্রত্যয়ণপত্র (৩) ব্যাংক এর আর্থিক স্বচ্ছলতার সার্টিফিকেট প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

কোড নং-১-২৭১১-০০০০-২৩৬৬ খাতে পরিচালক, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর), মহাখালী, ঢাকা-১২১২ এর বরাবরে বাংলাদেশ ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়া চালানের মূলকপি দাখিল করতঃ অত্র অফিসের হিসাব শাখা হইতে আগামী ২৪/০৪/২০০৯ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত দরপত্রের সিডিউল ও নিয়মাবলী সংগ্রহ করা যাইবে (ছুটির দিন ব্যতীত)।

দরপত্র আগামী ২৬/০৪/২০০৯ইং তারিখ সকাল ৯.০০ ঘটিকা হইতে ১২.৩০ ঘটিকা পর্যন্ত পরিচালকের কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হইবে এবং ঐ দিনই বেলা ২.০০ ঘটিকায় দরপত্রদাতা বা তাহাদের প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে ও প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া হইবে।

দরপত্রের সহিত ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা বায়না (আর্নেস্টমানি) হিসাবে এবং সফল দরপত্রদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে কার্যাদেশকৃত মূল্যের ১০% টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জামানত হিসাবে (ফেরতযোগ্য) পরিচালক, আইইডিসিআর এর অনুকূলে অবশ্যই জমা দিতে হইবে। দরপত্রের টাকার পরিমাণ অংকে এবং কথায় পরিস্কারভাবে লিখিত হইবে।

উল্লেখ্য, কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

অধ্যাপক মাহমুদুর রহমান, পিএইচডি
পরিচালক
রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট
(আইইডিসিআর), মহাখালী, ঢাকা-১২১২

GD-1918

---

# মোটরযান মালিকদের জন্য জ্ঞাতব্য

**ঃ ০১ জুলাই, ০৮ থেকে কার্যকর মোটরযান কর ও ফিস এর হার ঃ**

**যে সব মোটরযানের রেজিষ্ট্রেশন অধিক সংখ্যায় হয়ে থাকে সেগুলোর কর/ফিস হার গ্রাহকগণের সুবিধার্থে নিম্নে প্রদান করা হলো ঃ**

| ক্রমিক নং | মোটরযানের ধরণ | রেজিঃ ফিস (পরিদর্শন ফিস সহ) (টাকা) | বার্ষিক রোড ট্যাক্স (স্টিকার ফিস সহ) (টাকা) | বার্ষিক ফিটনেস ফিস (স্টিকার ফিস সহ) (টাকা) | মালিকানা বদলী ফিস (পরিদর্শন ফিস সহ) (টাকা) | নতুন মোটরযানের ক্ষেত্রে রেজিঃ নং গ্রহণকালে প্রদেয় মোট (টাকা) | রিকন্ডিশন্ড মোটরযানের ক্ষেত্রে রেজিঃ নং গ্রহণকালে প্রদেয় মোট (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | |
| ০১। | মোটরকার, সিডান, জীপ, স্টেশন ওয়াগন ইত্যাদি এবং ভাড়ায় চালিত নহে এমন মাইক্রোবাস, মিনিবাস, বাস ইত্যাদি। | | | | | | | |
| | (১) ইঞ্জিন ক্যাপাসিটি ৬০০ সিসি পর্যন্ত | ৫,৩০০/- | ৫,০৪৫/- (চালকসহ ৫ আসনের জন্য) | ৬৪৫/- | ১,৯৬৭/- | ১০,৯৯০/- | ১২,৬৫৭/- | ● ৪ নং কলামে প্রদত্ত বার্ষিক রোড ট্যাক্সের পরিমাণ প্রদত্ত আসনের চেয়ে কম/বেশী হলে প্রতি আসনের জন্য ৫০০/- হারে হ্রাস/বৃদ্ধি পাবে।<br>● প্রতিলিপি ও পরিদর্শন ফিস যথাক্রমে ২০০/- ও ৩০০/- টাকা মাত্র সংশ্লিষ্ট ফি'র সাথে যোগ হবে।<br>● লোনের মাধ্যমে ক্রয়কৃত গাড়ির ক্ষেত্রে অতিরিক্ত ফি ১০০০/- টাকা যোগ হবে।<br>● বর্ণিত মোটরযানের রোড ট্যাক্স ও ফিটনেস বাৎসরিক মেয়াদ শেষে নবায়ন করতে হবে। |
| | (২) ইঞ্জিন ক্যাপাসিটি ৬০১ থেকে ১০০০ সিসি পর্যন্ত | ১০,৩০০/- | ৫,০৪৫/- (চালকসহ ৫ আসনের জন্য) | ৬৪৫/- | ৩,৬৩৪/- | ১৫,৯৯০/- | ১৯,৩২৪/- | |
| | (৩) ইঞ্জিন ক্যাপাসিটি ১০০১ থেকে ১৪০০ সিসি পর্যন্ত | ১৫,৩০০/- | ৫,০৪৫/- (চালকসহ ৫ আসনের জন্য) | ৬৪৫/- | ৫,৩০০/- | ২০,৯৯০/- | ২৫,৯৯০/- | |
| | (৪) ইঞ্জিন ক্যাপাসিটি ১৪০১ থেকে ২০০০ সিসি পর্যন্ত | ৩৫,৩০০/- | ৫,০৪৫/- (চালকসহ ৫ আসনের জন্য) | ৬৪৫/- | ১১,৯৬৭/- | ৪০,৯৯০/- | ৫২,৬৫৭/- | |
| | (৫) ইঞ্জিন ক্যাপাসিটি ২০০০ সিসি'র উর্ধ্বে | | | | | | | |
| | (ক) মাইক্রোবাস (ভাড়ায় চালিত নহে) | ৪০,৩০০/- | ৭,০৪৫/- (চালকসহ ৯ আসনের জন্য) | ৬৪৫/- | ১৩,৬৩৪/- | ৪৭,৫৯০/- | ৬১,৩২৪/- | |
| | (খ) মিনিবাস (ভাড়ায় চালিত নহে) | ৪৫,৩০০/- | ১৮,০৪৫/- (চালকসহ ৩১ আসনের জন্য) | ৬৪৫/- (ভারী মোটরযান ব্যতিত) | ১৫,৩০০/- | ৬০,৮৯০/- | ৭৮,৯৯০/- | |
| | (গ) বাস (ভাড়ায় চালিত নহে) | ৫০,৩০০/- | ২৮,০৪৫/- (চালকসহ ৫১ আসনের জন্য) | ৯৪৫/- | ১৬,৯৬৭/- | ৭৫,০৯০/- | ৯৫,৯৫৭/- | |
| | (ঘ) মোটরকার, সিডান, জীপ ও অন্যান্য | ৭০,৩০০/- | ৫,০৪৫/- (চালকসহ ৫ আসনের জন্য) | ৬৪৫/- | ২৩,৬৩৪/- | ৭৫,৯৯০/- | ৯৯,৩২৪/- | |
| ০২। | মোটর সাইকেল | | | | | | | |
| | (ক) ১০০ সিসি পর্যন্ত | ৩,৩০০/- | ৫,০০০/- ১০ বৎসরের জন্য ৯০ কেজি পর্যন্ত। | প্রযোজ্য নহে | ১,৩০০/- | ৮,৩০০/- | ৯,৩০০/- | |
| | (খ) ১০০ সিসি পর্যন্ত | ৩,৩০০/- | ১০,০০০/- ১০ বৎসরের জন্য ৯০ কেজির উর্ধ্বে। | প্রযোজ্য নহে | ১,৩০০/- | ১৩,৩০০/- | ১৪,৩০০/- | |
| | (গ) ১০০ সিসির উর্ধ্বে | ৪,৩০০/- | ৫,০০০/- ১০ বৎসরের জন্য ৯০ কেজি পর্যন্ত। | প্রযোজ্য নহে | ১,৬৩৪/- | ৯,৩০০/- | ১০,৬৩৪/- | |
| | **(ঘ) ১০০ সিসির উর্ধ্বে** | **৪,৩০০/-** | **১০,০০০/- ১০ বৎসরের জন্য ৯০ কেজির উর্ধ্বে** | **প্রযোজ্য নহে** | **১,৬৩৪/-** | **১৪,৩০০/-** | **১৫,৬৩৪/-** | |

বিঃ দ্রঃ * মোটরযানের মালিকগণকে বিভিন্ন দালাল/প্রতারক থেকে সাবধান থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে এবং ফি নির্ধারণসহ যাবতীয় সেবা সংক্রান্ত কাজে বিআরটিএ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
* পূর্ণাঙ্গ কর/ফি এবং যাবতীয় ফরম'স সংগ্রহের জন্য বিআরটিএ'র ওয়েবসাইট (www.brta.gov.bd) ব্রাউজ করুন।

**পরিচালক (ইঞ্জিঃ)**
বিআরটিএ

জিডি-১৯২৪